



## নোটিশ

এতদ্বারা, আদিষ্ট হয়ে, সম্মান শ্রেণীর সকল ছাত্র ছাত্রীদের নিম্নলিখিত কিছু বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হচ্ছেঃ

১। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সম্প্রতি জারিকৃত পরিপত্রের মাধ্যমে অনলাইন পরীক্ষা বা মূল্যায়নের নির্দেশনা আসায় আইআইইউসি সম্মান শ্রেণীর ছাত্র ছাত্রীদের অটাম ২০১৯ সেমিস্টারের অসমাপ্ত চূড়ান্ত পরীক্ষা/মূল্যায়ন কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। আগামীকাল ১৩ মে, ২০২০ইং তারিখে আইআইইউসি'র মূল্যায়ন পদ্ধতি ইউজিসি'র অনুমোদনের জন্য পাঠানো হচ্ছে। ইউজিসি থেকে অনুমোদন আসার সাথে সাথেই মূল্যায়ন কাজ দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করা হবে। মূল্যায়নের ক্ষেত্রে মার্কস কনভার্সনের পাশাপাশি এসাইনমেন্ট ও মৌখিক পরীক্ষাকেই প্রাধান্য দেয়া হবে।

২। মূল্যায়ন পদ্ধতি ও প্রাসঙ্গিক বিষয়সমূহ বুঝিয়ে দেওয়ার নিমিত্তে অটাম ২০১৯ এর সিলেবাসের আলোকে কিছু রিভিউ ক্লাস অনলাইনে নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যা সংশ্লিষ্ট শিক্ষক ও ছাত্র ছাত্রীদের সুবিধা অনুযায়ী সম্পন্ন হবে।

৩। রমাদান, লাইলাতুল কুদর, ও ঈদুল ফিতর উপলক্ষে ১৫ মে, ২০২০ইং তারিখ হতে ৩১ মে, ২০২০ইং তারিখ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের অনলাইন শিক্ষা কার্যক্রম বন্ধ থাকবে এবং ০১ জুন ২০২০ইং তারিখ থেকে পূর্বের ন্যায় সমস্ত কার্যক্রম চলমান থাকবে। এর মধ্যেই ছাত্র ছাত্রীদের সুবিধা অনুযায়ী মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন হবে।

আমরা আশা করছি অচিরেই বিশ্বব্যাপী করোনার এই ক্রান্তিকাল শেষ হয়ে আসবে এবং অচিরেই আমরা প্রিয় ক্যাম্পাসে সকলে একত্রিত হতে পারব ইনশাআল্লাহ। সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করছি।

ঘরে থাকুন, সুস্থ থাকুন, জীবন বাঁচাতে সহায়তা করুন।

কর্ণেল মোহাম্মদ কাশেম, পি এস সি (অবঃ)

রেজিস্ট্রার

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম

